



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
সিলেট।
www.publiclibrary.sylhetdiv.gov.bd



০১.০২.১৪৩০

স্মারক নম্বর: ৪৩.২৬.৯১০০.০০১.২৩.০০১.১৮. ১০৫(১০০)

তারিখ:-----

১৫.০৫.২০২৩

বিষয়: জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্মবার্ষিকী উপলক্ষে রচনা, বইপাঠ প্রতিযোগিতা ও পুস্তক প্রদর্শনী।
সূত্র : ৪৩.২৬.০০০০.০০১.২৩.০২১.০১.২৮৭ তারিখ: ১৫.০৫.২০২৩ খ্রি.

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্মবার্ষিকী উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট এ নিম্নোক্ত বিষয়ে রচনা, বইপাঠ প্রতিযোগিতা এবং ০২(দুই) দিনব্যাপী পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। এ উপলক্ষে অগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা :

ক্রমিক	গ্রুপ	প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	তারিখ ও সময়
১	উন্মুক্ত	দ্রোহ ও প্রেমের কবি নজরুল	১২০০	২২/০৫/২০২৩ খ্রি. বিকাল ৪.০০টা পর্যন্ত

খ) বইপাঠ প্রতিযোগিতা:

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	প্রতিযোগিতার পুস্তক	তারিখ ও সময়
১	ক	অষ্টম-দ্বাদশ	গণগ্রন্থাগারে সংরক্ষিত নজরুল বিষয়ক পুস্তকসমূহ	২২.০৫.২০২৩ খ্রি. সকাল ১০.০০ টা
২	খ	স্নাতক- স্নাতকোত্তর		

প্রতিযোগিতার বিষয়ে জ্ঞাতব্য : বইপাঠ প্রতিযোগিতা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, স্টেডিয়াম পূর্বগেইট, সিলেট এ অনুষ্ঠিত হবে। রচনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট এ জমা দিতে হবে।

গ) জাতীয় কবি কাজী নজরুল ইসলামের পুস্তক প্রদর্শনী: বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেটে ০২(দুই) দিনব্যাপী নজরুল বিষয়ক পুস্তক প্রদর্শনী আগামী ২৩.০৫.২০২৩ ও ২৪.০৫.২০২৩ তারিখ (প্রতিদিন সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত) অনুষ্ঠিত হবে।

শর্তাবলি:

১. বইপাঠ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের আইডি কার্ড সংগে আনতে হবে।
২. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
৩. রচনাপত্রে অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. বইপাঠ প্রতিযোগিতার ক্ষেত্রে পঠিত বইসমূহ অত্র গ্রন্থাগারের হবে এবং নির্ধারিত ফরম পূরণ করতে হবে।
৫. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক।
৬. রচনা প্রতিযোগিতার জন্য ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের আইডি কার্ডের ফটোকপি এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি রচনার সংগে জমা দিতে হবে।

দিলীপ কুমার সাহা

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
সিলেট

ফোন: ০২৯৯৬৬৩৬১৭০

email- dgpl2005@gmail.com

বিতরণ: (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

